

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৪৬৬

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৮. দ্বিতীয় অনুচ্ছেদ - কুরবানী

আরবী

وَعَنْ أَبِي سَعِيدٍ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُضَحِّي بِكَبْشٍ أَقْرَنَ فَحِيلٍ يَنْظُرُ فِي سَوَادٍ وَيَمْشِي فِي سَوَادٍ. رَوَاهُ التِّرْمِذِيُّ وَأَبُو دَاؤُدَ وَالنَّسَائِيُّ وَابْنُ مَاجَهْ

বাংলা

১৪৬৬-[১৪] আবৃ সা'ঈদ আল্ খুদরী (রাঃ) কর্তৃক বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম শিংওয়ালা শক্তিশালী দুম্বা কুরবানী করতেন। যে দুম্বা অন্ধকারে দেখত। অন্ধকারে ভক্ষণ করত এবং অন্ধকারে চলত। অর্থাৎ যে দুম্বার চোখ কালো, মুখ কালো এবং পা কালো ছিল। (তিরমিয়ী, আবৃ দাউদ, নাসায়ী, ইবনু মাজাহ)[1]

ফুটনোট

[1] সহীহ: আবূ দাউদ ২৭৯৬, আত্ তিরমিয়ী ১৪৯৬, নাসায়ী ৪৩৯০, ইবনু মাজাহ্ ৩১২৮, মুসতাদরাক লিল হাকিম ৭৫৪৮।

ব্যাখ্যা

ব্যাখ্যা: আল্লামা শাওকানী বলেন, এ হাদীসে প্রমাণিত হয় যে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ষাঁড় কুরবানী করেছেন যেমন খাশী কুরবানী করেছেন। আর উল্লেখিত বৈশিষ্ট্যমন্ডিত পশু কুরবানী করা ভাল।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন